# সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
## গোহাইল রোড, খান্দার, বগুড়া

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে অনলাইনে মনোনয়নপত্র দাখিলের সহায়ক নিয়মাবলী

নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে মনোনয়নপত্র দাখিল করিতে হইবে;

Online Nomination submission system (ONSS) ব্যবহার করে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট (www.ecs.gov.bd) অথবা (https://onss.ecs.gov.bd) গিয়ে 'অনলাইন মনোনয়নপত্র দাখিল' লিংকে প্রবেশ করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিতে পারিবেন; এইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরন করিতে হইবে, যথা:

### অনলাইনে মনোনয়নপত্র দাখিলের নির্দেশনাবলী এবং প্রক্রিয়া :

ক) অনলাইন মনোনয়ন পত্রপূরণ ও দাখিল করিবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করিয়া তাহার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;

(খ) জাতীয় পরিচয় পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সহিত প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরন (facial recognition) করিতে হইবে;

(গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লগইন করিবার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়ন পত্র ফরম ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১ মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২ পাইবেন;

(ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করিয়া পর্যায়ক্রমে মনোনয়ন,ব্যক্তিগত তথ্যাদি ও হলফ নামা সংক্রান্ত তথ্যাদি এন্টি করিবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় দলিলাদি (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত দলিলাদি, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে) স্ক্যান করিয়া pdf আকারে সংযুক্ত করিবেন;

(ঙ) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করিয়া জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করিবার পর মনোনয়ন পত্রটি দাখিল করিবেন;

- অনলাইনে মনোনয়ন পত্র দাখিলের জন্য প্রথমে রেজিস্ট্রেশন লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে যে মোবাইল নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে, সেই মোবাইল নাম্বারে ইউজার আইডি এবং এককালিন পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষণ করুন।
- লগইন পেইজে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন । এরপর নতুন করে পাসওয়ার্ড রিসেট করুন এবং নতুন পাসওয়ার্ডটি সংরক্ষণ করুন।
- প্রার্থীর ড্যাশবোর্ডের বাম পাশের মেনু হতে পর্যায়ক্রমে প্রার্থীর মনোনয়ন, প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি, প্রার্থীর হলফনামা, নির্বাচনী ব্যয়, সম্পদ ও দায়, প্রার্থীর ফাইল সংযুক্তিকরণ, জামানত এবং চূড়ান্ত দাখিল এর ধাপসমূহ সম্পন্ন করুন ।
- সঠিকভাবে মনোনয়নপত্র দাখিল করা হলে মোবাইলে বার্তার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের পর, যাচাই-বাছাইয়ের প্রতিটি স্ট্যাটাস মোবাইলে বার্তার মাধ্যমে প্রার্থীকে জানানো হবে।

### অনলাইনে মনোনয়ন পত্র দাখিল করতে হইলে নিম্নোক্ত ডকুমেন্টস এর স্ক্যান কপি প্রয়োজন হইবে :

- ➢ প্রার্থীর সদ্য তোলা রঙ্গীন ৩০০× ৩০০ পিক্সেল সাইজের ছবি (jpeg/jpg ফরম্যাট)।
- ➢ স্ট্যাম্প পেপারে যথাযথ স্থানে ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের স্বাক্ষরিত হলফনামা।
- ➢ রাজনৈতিক দলের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ➢ TIN সনদের কপি, সম্পদের বিবরণী (আইটি 10B) ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণক।
- ➢ সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
- ➢ নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য সম্ভাব্য অর্থ প্রাপ্তির উৎস বা উৎসসমূহের বিবরণী।
- ➢ ভোটার তালিকার সিডি ক্রয়ের চালান।
- ➢ জামানতের টাকা জমাদানের ট্রেজারি চালান / তফসিলি ব্যাংকের পে- অর্ডার / ব্যাংক ড্রাফ্ট।
- ➢ অন্যান্য দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ➢ কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন না।

### জামানতের অর্থের পরিমাণ ও চালানের কোডে নম্বর

| পদের নাম | জামানত | জমাদানের কোড |
|---|---|---|
| চেয়ারম্যান | ১,০০,০০০/- | ৬/০৬০১/০০০১/৮৪৭৩<br>অথবা<br>১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১ |
| ভাইস চেয়ারম্যান | ৭৫,০০০/- | |

নির্বাচনি ব্যয়ের সীমা : চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনি ব্যয়ের সীমা ২৫,০০,০০০ /- টাকা ।

### ভোটার তালিকার সিডি ক্রয়ের অর্থের পরিমান ও চালানের কোড নম্বর

| উপজেলার নাম | ইউনিয়ন ও ওয়ার্ড সংখ্যা | টাকার পরিমান | জমাদানের কোড |
|---|---|---|---|
| বগুড়া সদর | ইউপি- ১১, পৌর- ২০ | ১৫,৫০০/- | ১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩<br>অথবা<br>১/০৬০১/০০০১/২৬৩১ |
| শাজাহানপুর | ইউপি- ০৯, পৌর- ৩ | ৬,০০০/- | |
| শিবগঞ্জ | ইউপি- ১২, পৌর- ৯ | ১০,৫০০/- | |

সৈয়দ আবু ছাইদ
অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া
ও রিটার্নিং অফিসার
উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪